বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
ফোন ঃ- ০২- ৯৫৬৩১৬৫
Email:dgmrecovery@krishibank.org.bd

ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৬/২০১৭

তারিখঃ ২৩ -১০- ২০১৭ খ্রিঃ

বিষয় ঃ সুদ মওকুফ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন প্রসংগে।

এ দেশের অর্থনীতি প্রধানতঃ কৃষি নির্ভর। প্রাকৃতিক দুর্যোগের কারণে বিভিন্ন সময়ে কৃষকদের ফসলহানিসহ কৃষি পন্য উৎপাদন ও বাজারজাতকরণ সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান, কৃষি ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান রুগ্ন/বন্ধ হওয়াসহ অন্যান্য ক্ষয়-ক্ষতি সাধিত হয়। এ ধরণের প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে ঋণের সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনা জারী করা হয়। অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারীকৃত সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপঃ

ক) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত ২৯-০৬-২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/ বিবিধ-১০/২০০১-২০৭ নং পত্রের মাধ্যমে রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সুদ মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে ঃ

" (১) আরোপিত সুদ মওকুফের ক্ষেত্রে Cost of fund recovery নিশ্চিত করে এবং ব্যাংকের Income account debit না করেই তা বিবেচনা করতে হবে;

(২) সকল দায় দেনা পরিশোধ করে ব্যাংকের ঋণ হিসাব অবসায়ন (Close) করার ক্ষেত্রে প্রতিটি কেইস মেরিট ভিত্তিতে ব্যাংক/পর্ষদ বিবেচনা করবে, তবে Cost of fund recovery নিশ্চিত করেই সুদ মওকুফের সুবিধা দিতে হবে;

(৩) অনারোপিত সুদ মওকুফের ক্ষেত্রে ব্যাংক/পর্ষদ প্রতিটি কেইসের যথার্থতা (Merit) বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবে।"

(খ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ এর ১৩-১১-০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/ বিবিধ-১০/২০০১-৩৬২ নং পত্রের মাধ্যমে উপরোক্ত ২৯-০৬-২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/ ২০০১-২০৭ নং পত্র মূলে সুদ মওকুফ নীতিমালা সংক্রান্ত গৃহীত প্রস্তাবসমূহের ৪নং ক্রমিকে নিম্নে বর্ণিত অনুচ্ছেদটি অন্তর্ভুক্ত করা হয়েছে ঃ

" কেবলমাত্র ৫.০০(পাঁচ) লক্ষ টাকা বা তার চেয়ে কম ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাংগন বা এ ধরণের দুর্দশার কারণে প্রতিটি কেসের যথার্থতা (Merit) বিবেচনা করে ব্যাংক/পর্ষদ এ নীতিমালার শর্তাবলী শিথিল করার বিষয়ে বিবেচনা করতে পারে।"

(গ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন অধিশাখা-১ এর ১২-০২-২০০৮ তারিখের পত্র নং-অম/ অবি/ ব্যাংকিং/ প্রশা-১/বিবিধ-১০/২০০১(অংশ-১)/৬৭ এর মাধ্যমে ২৯-০৬-২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/ ২০০১-২০৭ নং সূত্রমূলে জারীকৃত সুদ মওকুফ নীতিমালা স্পষ্টীকরণ সংক্রান্ত মূল আদেশটি বহাল রেখে বিদ্যমান নীতিমালার উপর সুদ মওকুফের জন্য নিম্নবর্ণিত ক্ষেত্রে Cost of fund recovery এর বিষয়ে শর্ত শিথিল করা যেতে পারে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে ঃ

(১) বিক্রিত ও বন্ধ প্রকল্পের ক্ষেত্রে এবং অবলোপনকৃত প্রকল্পসমূহের ক্ষেত্রে (অবলোপনকৃত প্রকল্পের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালার সকল শর্ত পূরণ সাপেক্ষে);

(২) ঋণের জামানত, সহ-জামানত, প্রকল্প সম্পত্তি এবং প্রকল্প উদ্যোক্তাগণের ব্যক্তিগত সম্পদ বিক্রয় হতেও Cost of fund পূরণ করা না গেলে;

(৩) (ক) যদি পাওনা আদায়ের সকল আইনগত ব্যবস্থাসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণের পরও পাওনা আদায় করা না যায়;

(খ) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৪৭ (১) ধারা অনুযায়ী কোন ঋণ গ্রহীতার উপর দায় এমনভাবে আরোপ করা যাবে না, যাতে আদালতে উত্থাপিত সমুদয় দাবী আসল ঋণ অপেক্ষা ২০০%(১০০+২০০=৩০০ টাকা) এর অধিক হয়। এ আইনের আলোকে ব্যাংক কর্তৃক যে সকল ক্ষেত্রে ইতোমধ্যে আসল ঋণের তিন গুণ আদায় হয়েছে কিন্তু তারপরও ঋণ স্থিতি (Loan outstanding) রয়ে গেছে সে সকল ঋণ গ্রহীতার ক্ষেত্রে;

(৪) Distressed case অর্থাৎ ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ,মড়ক,নদী ভাঙ্গন বা দুর্দশাজনিত কারণে ১০.০০(দশ) লক্ষ টাকা পর্যন্ত ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে।

Cost of fund recovery সংক্রান্ত শর্ত শিথিলের বিষয়ে প্রতিটি Case এর Merit বিবেচনা করে Case to Case ভিত্তিতে ব্যাংকের পরিচালনা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

(ঘ) বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, রবিবার, ডিসেম্বর ১৪, ২০১৪ তারিখে প্রকাশিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রজ্ঞাপন এস,আর, ও নং- ২৮১-আইন/২০১৪ এর Part-II -Financial Powers সংক্রান্ত (j) নং পরিচ্ছেদে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সুদ মওকুফ সংক্রান্ত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে নির্ধারণ করে দেয়া হয়েছে ঃ

(j) to exercise power relating to remit interest loans bearing principal amount up to Tk.5.00 lac without debiting income head which are classified as bad and loss in last year closing following the existing rules,regulations & policies as under:

(i) maximum 100% of unrealized charged interest;

(ii) maximum 100% of uncharged interest;

provided that situation report of remitting interest should be informed to the Board on monthly basis.

০২। (ক) অর্থ মন্ত্রণালয়ের উপরোক্ত সুদ মওকুফ নীতিমালার আলোকে ১৭-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৯৪তম সভার অনুমোদনক্রমে সকল পর্যায়ে অনুসরণ করার জন্য নিম্নানুযায়ী সকল ধরণের ঋণের (চা ও রাবার ঋণ ব্যতীত) সুদ মওকুফ নীতিমালা জারী করা হলো, যা ০১-০৭-২০১৭ তারিখ হতে কার্যকর হবেঃ

(খ) সুদ মওকুফ অনুমোদনের ক্ষমতা ঃ

(১) মাঠ পর্যায়ে গঠিত সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটিঃ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত উপরোক্ত সুদ মওকুফের মূল শর্তসমূহ পরিপালন সাপেক্ষে নিম্নোক্ত সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটিকে পার্শ্বে উল্লিখিত নিয়মাচার অনুযায়ী ৩০-০৬-২০১৫ বা তদপূর্বে ''মন্দ/ক্ষতি (B/L)'' হিসেবে শ্রেণীকৃত সকল ধরণের ঋণের (আমদানি/রপ্তানি ব্যবসা সংক্রান্ত ঋণ, চা ও রাবার ঋণ ব্যতীত) সুদ মওকুফ অনুমোদনের ক্ষমতা প্রদান করা হলো ঃ

| ক্রঃ নং | সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটি | সুদ মওকুফ অনুমোদনের ক্ষমতা |
|---|---|---|
| ক. | বিভাগীয় সুদ মওকুফ কমিটিঃ<br>১) বিভাগীয় মহাব্যবস্থাপক ঃ সভাপতি<br>২) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ঃ সদস্য<br>৩) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, হেড কোয়ার্টার ঃ সদস্য<br>৪) উপ-মহাব্যবস্থাপক(পরিচালন/পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা),বিভাগীয় কার্যালয় ঃ সদস্য<br>৫) সহকারী মহাব্যবস্থাপক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,বিভাগীয় কার্যালয় ঃ সদস্য সচিব | ৫.০০(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ৩০-০৬-২০১৫ বা তদপূর্বে ''মন্দ/ক্ষতি (B/L)'' হিসেবে শ্রেণীকৃত ঋণের (আমদানি/ রপ্তানি ব্যবসা সংশ্লিষ্ট ঋণ, চা ও রাবার ঋণ ব্যতীত) ক্ষেত্রে বিদ্যমান নীতিমালার আলোকে Cost of fund recovery করার শর্ত শিথিল করে এবং ব্যাংকের Income account debit না করে ৫২-স্থগিত সুদ খাতের অনাদায়ী স্থিতির ৭৫% এবং অনারোপিত সুদের ১০০% ; |
| খ. | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক সুদ মওকুফ কমিটিঃ<br>১) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ঃ সভাপতি<br>২) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ঃ সদস্য<br>৩) হেড কোয়ার্টার শাখা ব্যবস্থাপক ঃ সদস্য<br>৪) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক/ উমুক/পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা ঃ সদস্য সচিব | ৩.০০(তিন) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ৩০-০৬-২০১৫ বা তদপূর্বে ''মন্দ/ক্ষতি (B/L)'' হিসেবে শ্রেণীকৃত ঋণের(আমদানি/ রপ্তানি ব্যবসা সংশ্লিষ্ট ঋণ, চা ও রাবার ঋণ ব্যতীত) ক্ষেত্রে বিদ্যমান নীতিমালার আলোকে Cost of fund recovery করার শর্ত শিথিল করে এবং ব্যাংকের Income account debit না করে ৫২-স্থগিত সুদ খাতের অনাদায়ী স্থিতির ৫০% এবং অনারোপিত সুদের ১০০%; |
| গ. | মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়/<br>কর্পোরেট শাখা প্রধান/<br>শাখা ব্যবস্থাপক | ১) প্রতি ইউনিট সর্বোচ্চ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ''মন্দ/ক্ষতি (B/L)'' হিসেবে শ্রেণীকৃত হস্তচালিত তাঁত ঋণের আরোপিত এবং অনারোপিত সুদের ১০০%;<br>২) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত বিতরণকৃত মূল ঋণ সম্বলিত কৃষি ঋণের আসল+মামলা ও অন্যান্য খরচ+আসলের সমপরিমাণ সুদ আদায় করে অবশিষ্ট অনাদায়ী স্থিতি সংশ্লিষ্ট ঋণ হিসাবের অনাদায়ী ৫২-স্থগিত সুদ এবং প্রয়োজনে শাখার সুদ মওকুফজনিত ব্যয় খাত {১৩৩/৩৬(ই)} বিয়োজন করে ঋণ হিসাব অবসায়ন(Close) সংক্রান্ত ক্ষমতা ন্যস্তকরণ; |

(২) ব্যবস্থাপনা পরিচালকঃ বাংলাদেশ গেজেট,অতিরিক্ত সংখ্যা,রবিবার,ডিসেম্বর-১৪,২০১৪ তারিখে প্রকাশিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়,ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রজ্ঞাপন এস,আর,ও নং-২৮১-আইন/২০১৪ এর Part-II-Financial Powers সংক্রান্ত (j) নং পরিচ্ছেদে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপর ন্যস্ত সুদ মওকুফ সংক্রান্ত আর্থিক ক্ষমতাবলে অর্থ মন্ত্রণালয়ের ২৯-০৬-২০০৬ তারিখের পত্র নং-২০৭,১৩-১১-০৬ তারিখের পত্রনং-৩৬২ এবং ১২-০২-২০০৮ তারিখের পত্র নং-৬৭ এ বর্ণিত সুদ মওকুফের মূল শর্তসমূহ পরিপালন সাপেক্ষে পূর্ববর্তী অর্থ বছরের ৩০ জুন তারিখে 'মন্দ/ক্ষতি (B/L)' হিসেবে শ্রেণীকৃত ৫.০০(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ঋণের (চা ও রাবার ঋণ ব্যতীত) আয় খাত ডেবিট না করে অনাদায়ী আরোপিত সুদের সর্বোচ্চ ১০০% এবং অনারোপিত সুদের সর্বোচ্চ ১০০% মওকুফ করতে পারবেন। এ ধরণের সুদ মওকুফ প্রস্তাব বিধি মোতাবেক মাঠ কার্যালয় হতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মওকুফকৃত সুদের অবস্থার প্রতিবেদন মাসিক ভিত্তিতে পরিচালনা পর্ষদের সদয় অবগতির জন্য উপস্থাপন করতে হবে;

(৩) পরিচালনা পর্ষদঃ উপরোক্ত ০২(খ)(১) ও ০২(খ)(২) নং অনুচ্ছেদে বর্ণিত কর্তৃপক্ষ/কমিটির ক্ষমতা বহির্ভূত পূর্ববর্তী অর্থ বছরের ৩০ জুন তারিখে ''মন্দ/ক্ষতি(B/L)'' হিসেবে শ্রেণীবিন্যাসিত সকল ধরনের ঋণের (চা ও রাবার ঋণ ব্যতীত)সুদ মওকুফ প্রস্তাব অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সুদ মওকুফের মূল শর্তগুলি পরিপালন সাপেক্ষে বিধি মোতাবেক সুপারিশ সহকারে ঋণের ধরণ অনুযায়ী প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালনা পর্ষদে উপস্থাপন করতে হবে;

(গ) মাঠ পর্যায়ে গঠিত সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটি (বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কমিটি/মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক) কর্তৃক ৫.০০(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ৩০-০৬-২০১৫ বা তদপূর্বে ''মন্দ/ক্ষতি (B/L)'' হিসেবে শ্রেণীকৃত ঋণের (আমদানি/রপ্তানি ব্যবসা সংশ্লিষ্ট ঋণ, চা ও রাবার ঋণ ব্যতিত) সুদ মওকুফ পরবর্তী মওকুফকৃত সুদের অবস্থার প্রতিবেদন সদয় অবগতির জন্য ত্রৈমাসিক ভিত্তিতে পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে;

০৩। সুদ মওকুফ আবেদন/প্রস্তাব প্রক্রিয়াকরণ/বিবেচনাকালে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ ও পরিপালন করতে হবে ঃ

(০১) ঋণ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে মাঠ পর্যায়ের তদন্তে তাঁর আর্থিক ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি সুস্পষ্ট ও সন্দেহাতীতভাবে যৌক্তিক বিবেচিত হলে ঋণের সুদ মওকুফের প্রস্তাব ঋণ গ্রহীতার আবেদন প্রাপ্তি পরবর্তী ২(দুই) মাসের মধ্যে অবশ্যই স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখা হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুপারিশসহ সুদ মওকুফের ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে;

(০২) মাঠ কার্যালয়সমূহ হতে প্রধান কার্যালয়ে প্রেরিতব্য প্রস্তাব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

(০৩) প্রধান কার্যালয়ের বিবেচনার নিমিত্তে সুদ মওকুফের জন্য সুপারিশকৃত ঋণ ''মন্দ/ ক্ষতি (B/L)'' হিসাবে শ্রেণীবিন্যাসিত হতে হবে;

(০৪) কৃষি ঋণ সহ অন্যান্য ঋণের ক্ষেত্রে সুদ মওকুফের প্রস্তাব এবং প্রকল্প ও চলতি মূলধন ঋণের সুদ মওকুফের প্রস্তাবের জন্য পৃথক পৃথক নির্ধারিত ছক ব্যবহার করতে হবে;

(০৫) ঋণ হিসাবটি কেন খেলাপী হয়ে পড়েছে তা সরেজমিনে সতর্কতার সাথে তদন্ত করে সুদ মওকুফ প্রস্তাবে উল্লেখ করতে হবে। এরূপ তদন্তকালে যদি প্রতীয়মান হয় যে, ঋণ গ্রহীতা স্বভাবগতভাবে ঋণ খেলাপী, সেক্ষেত্রে সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা না করে আইনগত কার্যক্রম গ্রহণ করতে হবে;

(০৬) ঋণে অর্জিত সম্পত্তি বিনষ্ট হলে, নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যবসায়িক ক্ষতি হলে, ঋণে স্থাপিত যন্ত্রপাতি অকেঁজো এবং মেরামতের অযোগ্য হলে বা প্রাকৃতিক দুর্যোগে ঋণগ্রহীতা মারাত্মক ক্ষতিগ্রস্ত হলে অথবা ঋণগ্রহীতা যে কোন কারণে একেবারে সহায় সম্বলহীন হয়ে পড়লে, সংশ্লিষ্ট ঋণ হিসাবের ঋণগ্রহীতা নাবালক উত্তরাধিকারী রেখে মারা গেলে এবং উত্তরাধিকারী ঋণ পরিশোধে অক্ষম হলে সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা করা যাবে;

(০৭) সুদ মওকুফ প্রস্তাব প্রেরণকালে ব্যাংক কর্মকর্তা/শাখা ব্যবস্থাপকগণ ঋণ গ্রহীতার প্রকল্প, ঋণে অর্জিত সম্পত্তি ও বর্তমান ব্যবসা/ বাণিজ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনে যদি নিশ্চিত হন যে, সুদ মওকুফ দেয়ার পর মওকুফ বাদে অবশিষ্ট পাওনা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করার সদিচ্ছা রয়েছে, কেবলমাত্র সে ক্ষেত্রেই তাদের প্রস্তাব বিবেচনার জন্য প্রেরণযোগ্য হবে। অন্যথায় বিদ্যমান আইনের আওতায় ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে;

(০৮) ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত রীট পিটিশনের আওতাধীন কোন ঋণের সুদ মওকুফ বিবেচনা করা যাবে না;

(০৯) ৫.০০ লক্ষ টাকার উর্ধের ঋণ হিসাবের সুদ মওকুফ প্রস্তাব বিবেচনার পূর্বে অনাদায়ী ঋণের টাকা আদায়ের লক্ষ্যে ঋণের বিপরীতে প্রদত্ত জামানতি সম্পত্তি অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক বিক্রির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাংক কর্তৃক জামানতি সম্পত্তি বিক্রি করতে ব্যর্থ হলে সে ক্ষেত্রে উপযুক্ত আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে;

(১০) বন্ধকি সম্পত্তি নদীগর্ভে বিলীন হলে সুদ মওকুফ প্রস্তাবের সাথে তহশীল অফিস থেকে সংগৃহীত গ্রহণযোগ্য সার্টিফিকেট (নদীগর্ভে বিলীনকৃত জমির মৌজা, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখসহ) সংযুক্ত করতে হবে;

(১১) কৃষি ভিত্তিক প্রকল্প (পোলট্রি,ডেইরী, মৎস্য ইত্যাদি) এর সুদ মওকুফের যৌক্তিকতা হিসেবে মুরগীর মড়ক, নিম্নমানের বাচ্চার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত, ডিমের মূল্য কমে যাওয়া, মাছের মড়ক ইত্যাদি কারণে প্রকল্প/ব্যবসা ক্ষতিগ্রস্ত হলে এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা/মৎস্য কর্মকর্তা/Technical Person এর মতামত/প্রত্যয়নপত্র এবং প্রকল্প রুগ্ন/বন্ধ হলে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়নপত্র সুদ মওকুফ প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে;

(১২) মাঠ পর্যায়ের সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটি কর্তৃক সুদ মওকুফ করা হলে মওকুফ বাদে অবশিষ্ট পাওনা পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ৩(তিন) মাস নির্ধারণ করা যাবে। নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে মওকুফ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং অনাদায়ী পাওনা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১৩) ডিএমডি পরিপত্র নং-০৭/২০০৩,তারিখ ২৮-০৬-০৩ মোতাবেক আইন বিভাগ কর্তৃক জারীকৃত নীতিমালা অনুযায়ী অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ধারা -২২ এর মধ্যস্থতা সভার সিদ্ধান্ত অনুসারে মামলাকৃত কোন ঋণ হিসাবে দাবীকৃত সম্পূর্ণ টাকা বা দাবীর কম টাকা আদায় হলে ঋণের অবশিষ্ট স্থিতি অবসায়ন/সুদ মওকুফের নিমিত্তে পর্ষদ সভার অনুমোদন/অবহিতকরণের লক্ষ্যে পূর্ণাঙ্গ তথ্যসহ প্রচলিত ছক মোতাবেক প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(১৪) সুদ মওকুফ প্রস্তাব বিবেচিত হলে মওকুফোত্তর অবশিষ্ট পাওনা পরিশোধের উৎস ও কত দিনে পরিশোধ করবেন এ বিষয়ে উদ্যোক্তার ঘোষণা এবং শাখা ব্যবস্থাপকের মতামত নির্দিষ্ট ছকে প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে;

(১৫) <u>ডাউন পেমেন্ট পরিশোধ সংক্রান্ত নির্দেশনাঃ</u>

(ক) ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের ক্ষেত্রে (খাত নির্বিশেষে) ন্যূনতম আসলের সমপরিমাণ এবং মামলা ও অন্যান্য খরচ (যদি থাকে) আদায় করে সুনির্দিষ্ট প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুপারিশসহ প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ডাউন পেমেন্ট নিরূপণের বিষয়টি প্রযোজ্য হবে না;

(খ) <u>৫.০০ লক্ষ টাকার উর্ধের মেয়াদোত্তীর্ণ মূল ঋণের (B/L) সুদ মওকুফ প্রস্তাব বিবেচনার লক্ষ্যে ডাউন পেমেন্ট গ্রহণঃ</u>

(১) ৫.০০ লক্ষ টাকার উর্ধের মেয়াদোত্তীর্ণ ঋণের (B/L) সুদ মওকুফ প্রস্তাব বিবেচনাকালে মোট মেয়াদোত্তীর্ণ/বকেয়া স্থিতির বিপরীতে নির্ধারিত হারে ডাউন পেমেন্ট জমা নিয়ে সুদ মওকুফের প্রস্তাব প্রক্রিয়াকরণ করতে হবে;

(২) সুদ মওকুফ প্রস্তাব বিবেচনাকালে সুদ মওকুফের আবেদনের তারিখ হতে পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে আদায়কৃত টাকা ডাউন পেমেন্ট হিসেবে বিবেচনা করা যাবে। ডাউন পেমেন্টের টাকা চেক অথবা অন্য কোন ইনস্ট্রুমেন্টের মাধ্যমে জমা দেয়া হলে তা নগদায়ন না হওয়া পর্যন্ত সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ করা যাবে না। ঋণগ্রহীতা কর্তৃক আবেদন দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ঋণ হিসাবে জমাকৃত টাকা কোনভাবেই ডাউন পেমেন্ট হিসেবে বিবেচনা করা যাবে না;

(গ) <u>ডাউন পেমেন্টের হার ও পরিমাণঃ</u>

<u>* সকল প্রকার মেয়াদী ঋণ এবং স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রে ডাউন পেমেন্টের হারঃ</u>

১) মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ১৫% অথবা মোট বকেয়ার ১০%, এই দুইয়ের মধ্যে যাহা কম, নগদে পরিশোধের পরেই আবেদন বিবেচনাযোগ্য হবে;

২) মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ৩০% অথবা মোট বকেয়ার ২০%, এই দুইয়ের মধ্যে যাহা কম, নগদে পরিশোধের পরেই ২য় বার আবেদন বিবেচনাযোগ্য হবে;

৩) মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ৫০% অথবা মোট বকেয়ার ৩০%, এই দুইয়ের মধ্যে যাহা কম, নগদে পরিশোধের পরেই ৩য় বার আবেদন বিবেচনাযোগ্য হবে;

* <u>তলবী ও চলমান ঋণের ক্ষেত্রে ডাউন পেমেন্টের হার ও পরিমাণঃ</u>

১) ১.০০ কোটি টাকা পর্যন্ত মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে, মেয়াদোত্তীর্ণ ঋণের ১৫% ডাউন পেমেন্ট নগদে পরিশোধের পরেই আবেদন বিবেচনাযোগ্য হবে;

২) ১.০০ কোটি টাকার উর্ধে এবং ৫.০০ কোটি টাকা পর্যন্ত মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে, মেয়াদোত্তীর্ণ ঋণের ১০%, তবে ১৫.০০ লক্ষ টাকার কম নয়, নগদে পরিশোধের পরেই আবেদন বিবেচনাযোগ্য হবে;

৩) ৫.০০ কোটি টাকার উর্ধের মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে, মেয়াদোত্তীর্ণ ঋণের ৫%, তবে ৫০.০০ লক্ষ টাকার কম নয়, নগদে পরিশোধের পরেই আবেদন বিবেচনাযোগ্য হবে;

৪) কোন তলবী বা চলমান ঋণের সুদ মওকুফের আবেদন বিবেচনাকালে মওকুফ বাদে অবশিষ্ট পাওনা মেয়াদী ঋণে পুনর্গঠন /রূপান্তর করা হলে সে ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির অণ্যূন ৩০% অথবা মোট বকেয়ার ২০%, এই দুইয়ের মধ্যে যাহা কম, নগদে পরিশোধের পরেই আবেদন বিবেচনাযোগ্য হবে;

৫) পরবর্তীতে সুদ মওকুফের আবেদন বিবেচনার ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির অণ্যূন ৫০% অথবা মোট বকেয়ার ৩০%,এই দুইয়ের মধ্যে যাহা কম, নগদে পরিশোধের পরেই আবেদন বিবেচনাযোগ্য হবে;

(১৬) আয় খাত ডেবিট করে এবং ১০০% সুদ মওকুফকরণ যথাসম্ভব নিরুৎসাহিত করতে হবে;

(১৭) মওকুফকৃত সুদের টাকা শাখার খরচ বিধায় শাখার আয়/ব্যয় তথা মুনাফার বিষয়টি বিবেচনায় রেখে সুদ মওকুফের প্রস্তাব প্রেরণ করতে হবে;

(১৮) সুদ মওকুফ কার্যকর করার লক্ষ্যে কোন অবস্থাতেই আদায়কৃত টাকা ফেরত দেয়া যাবে না;

(১৯) কার্যকর সুদের পরিমাণ ও হার নিম্নবর্ণিতভাবে নির্ণয় করে সুদ মওকুফ প্রস্তাবে সন্নিবেশিত করতে হবেঃ

কার্যকর সুদের পরিমাণ নির্ণয়= সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের পূর্ব পর্যন্ত আদায়কৃত সুদ + মওকুফ পরবর্তী আদায়যোগ্য সুদ

| | | |
|---|---|---|
| কার্যকর সুদের হার নির্ণয়= | $\frac{\text{কার্যকর সুদের পরিমাণ}}{\text{বিতরণকৃত আসল x ঋণের মেয়াদকাল}}$ x ১০০ | = ....% |

(২০) সুদ মওকুফের কার্যকর সময়কাল বর্ধিতকরণঃ

(ক) যৌক্তিক কারণে কোন ঋণ গ্রহীতা সুদ মওকুফোত্তর পরিশোধযোগ্য পাওনা মওকুফ সিদ্ধান্ত অনুযায়ী দেয় তারিখের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে এবং ঋণগ্রহীতা পরবর্তী সময়ে আদায়যোগ্য পাওনাসহ ব্যাংকের প্রচলিত হারে বিলম্বকালীন সুদ সম্পূর্ণ পরিশোধ করে মওকুফের সময়সীমা বর্ধিতকরণের আবেদন দাখিল করলে এবং আবেদন যুক্তিযুক্ত বিবেচিত হলে সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ বর্ধিত সময়ের অনুমোদন দিতে পারবেন;

(খ) সুদ মওকুফ সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট ঋণ হিসাবের সুদ মওকুফোত্তর আদায়যোগ্য পাওনা/পাওনার কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ হতে বিলম্বে পরিশোধের তারিখ পর্যন্ত সময়কালের জন্য দৈনিক প্রডাক্টের ভিত্তিতে ব্যাংকের প্রচলিত সুদের হার অনুযায়ী সরল হারে সুদ আরোপ করতে হবে;

(২১) মহাব্যবস্থাপক,এলপিও/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা এবং শাখা ব্যবস্থাপক কর্তৃক সুদ মওকুফ আবেদনে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর যাচাইপূর্বক সঠিকতা নিশ্চিত হয়ে স্বাক্ষর সত্যায়িত করণসহ সুদ মওকুফের স্বপক্ষে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত প্রমানাদি/দলিল পত্রাদির সঠিকতা যাচাই করে প্রত্যায়ন করতে হবে; এবং

(২২) সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণকে পরবর্তীতে কোনক্রমেই পুনরায় ঋণ প্রদান করা যাবে না। তবে, ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত কৃষি ঋণগ্রহীতাদের সুদ মওকুফ সুবিধা গ্রহণের পরেও পুনরায় ঋণ প্রদান করা যাবে;

০৪। সুদ মওকুফ কার্যক্রম/সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত বিষয়াদি অনুসরণ করতে হবে ঃ

(০১) আলোচ্য নীতিমালার আলোকে মাঠ পর্যায়ে কমিটি কর্তৃক সুদ মওকুফের পর মওকুফ বাদে অবশিষ্ট পাওনা যদি থাকে তা মওকুফের শর্তানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আদায় করে বা কোন আদায়যোগ্য টাকা না থাকলে সেক্ষেত্রে মওকুফকৃত সকল ঋণ হিসাব নিষ্পত্তি করতে হবে। অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক কর্পোরেট শাখা/শাখার সুদ মওকুফ সংশ্লিষ্ট ঋণ হিসাব নিষ্পত্তির সঠিকতা যাচাইপূর্বক প্রত্যয়ন করবে। নিরীক্ষা দল কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন কর্পোরেট শাখা/শাখা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষণ করবে:

(০২) মাঠ পর্যায়ে গঠিত সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটি কর্তৃক মওকুফকৃত সুদের ত্রৈমাসিক অবস্থার প্রতিবেদন পর্ষদ সভার সদয় অবগতির জন্য উপস্থাপনঃ

(ক) শাখা কর্তৃক সুদ মওকুফ সংশ্লিষ্ট ঋণ হিসাবের সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক মওকুফকৃত সুদের ত্রৈমাসিক অবস্থার প্রতিবেদন সংকলিত করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক সুদ মওকুফ কমিটির বরাবরে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক সুদ মওকুফ কমিটি কর্তৃক সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়নের যথার্থতা যাচাই করে সংকলিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;

(খ) কর্পোরেট শাখা কর্তৃক সুদ মওকুফকৃত ঋণ হিসাবের সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক মওকুফকৃত সুদের ত্রৈমাসিক অবস্থার প্রতিবেদন সংকলিত করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট বিভাগীয় সুদ মওকুফ কমিটির বরাবরে প্রেরণ করবে। বিভাগীয় সুদ মওকুফ কমিটি কর্তৃক সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়নের যথার্থতা যাচাই করে সংকলিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;

(গ) এলপিও কর্তৃক সুদ মওকুফকৃত ঋণ হিসাবের সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক মওকুফকৃত সুদের ত্রৈমাসিক অবস্থার প্রতিবেদন সংকলিত করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;

(০৩) পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত সুদ মওকুফ সিদ্ধান্ত কর্পোরেট শাখা/শাখা কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। শাখা হতে প্রাপ্ত প্রতিবেদনের সঠিকতা যাচাইপূর্বক শাখাওয়ারী সংকলিত প্রতিবেদন ১৫ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় হতে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রাপ্ত প্রতিবেদনের সঠিকতা যাচাইপূর্বক কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলওয়ারী সংকলিত প্রতিবেদন নির্ধারিত ছকে ২০ তারিখের মধ্যে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(০৪) প্রজেক্ট মনিটরিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা এর ১১-০৩-২০১৫ খ্রিঃ তারিখের পত্র নং-প্রকা/পিএমডি-০৫(৫৩৬৭)/২০১৪-২০১৫/৩৯৬ এ বর্ণিত আঞ্চলিক নিরীক্ষা কমিটি তাদের আওতাধীন শাখাসমূহের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সুদ মওকুফ প্রস্তাবগুলোর ৫% নমুনা হিসেবে যাচাই করবেন। প্রস্তাবগুলোতে সুদ মওকুফের অনুকূলে যে সকল কারণ উল্লেখ করা থাকে সেগুলোর সঠিকতা পাওয়া না গেলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রাপ্ত অনিয়ম উল্লেখপূর্বক মতামতসহ বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তার মাধ্যমে ঋণ আদায় বিভাগ/প্রজেক্ট মনিটরিং বিভাগ/আন্তর্জাতিক বাণিজ্য বিভাগে প্রেরণ করতে হবে;

(০৫) কর্পোরেট শাখা/শাখা ব্যবস্থাপক কর্তৃক হস্ত চালিত তাঁত ঋণের সুদ মওকুফ সংক্রান্ত একটি তথ্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে। নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক সম্পাদিত হস্তচালিত তাঁত ঋণের সুদ মওকুফ কার্যক্রম যথাযথভাবে তদারকি এবং সঠিকতা যাচাই করবেন। অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্পোরেট শাখা/শাখা নিরীক্ষাকালীন সময়ে এতদ্সংক্রান্ত কার্যক্রমের সঠিকতা যাচাই করে সুস্পষ্ট মন্তব্য নিরীক্ষা প্রতিবেদনে লিপিবদ্ধ করবেন;

(৬) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত বিতরণকৃত মূল ঋণ সম্বলিত কৃষি ঋণের আসলের দ্বিগুণ+ মামলা ও অন্যান্য খরচ আদায় করে অবশিষ্ট অনাদায়ী স্থিতি মওকুফপূর্বক ঋণ হিসাব বন্ধকরণ সংক্রান্ত কার্যক্রম ঃ

* সংশ্লিষ্ট ঋণ হিসাবের অনাদায়ী ৫২-স্থগিত সুদ এবং শাখার সুদ মওকুফজনিত ব্যয় খাত {১৩৩/৩৬(ই)} বিয়োজন করে ঋণ হিসাব অবসায়ন(Close) সংক্রান্ত আলাদা তথ্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে;

* নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক সম্পাদিত ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত কৃষি ঋণের আসলের দ্বিগুণের আওতায় ঋণ হিসাব বন্ধের কার্যক্রম যথাযথভাবে তদারকি এবং সঠিকতা যাচাই করবেন;

* অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক কর্পোরেট শাখা/শাখার পিরিওডিক্যাল অডিট করার সময় মাঠ পর্যায়ে গঠিত কমিটি কর্তৃক মওকুফকৃত সুদের তথ্য রেজিস্টার সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে কি না তা যাচাই করবেন। মওকুফকৃত সুদের অবস্থার প্রতিবেদন এবং সুদ মওকুফ সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা যাচাই অন্তে পরিলক্ষিত অনিয়ম/ত্রুটিসমূহ নিরীক্ষা আপত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

(০৭) বর্ণিত নীতিমালার আওতায় মামলা দায়েরকৃত কোন ঋণ হিসাব নিষ্পত্তি করা হলে কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক দায়েরকৃত মামলা নিষ্পত্তি/প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(০৮) সুদ মওকুফকৃত ঋণ হিসাবের বিপরীতে সুদ মওকুফোত্তর আদায়যোগ্য টাকা পরিশোধের নির্ধারিত তারিখের মধ্যে কিস্তি অনুযায়ী আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সুদ মওকুফের শর্তানুযায়ী ঋণগ্রহীতা পরিশোধযোগ্য টাকা পরিশোধে ব্যর্থ হলে কিংবা পরিশোধে অনীহা প্রকাশ করলে তার নিকট হতে ঋণের পাওনা আদায়ে জরুরীভিত্তিতে উপযুক্ত আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে;

(০৯) সুদ মওকুফোত্তর আদায়যোগ্য টাকা নির্ধারিত তারিখের মধ্যে আদায় কিংবা ঋণের পাওনা আদায়ে ঋণগ্রহীতার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখার কোনরূপ গাফিলতি পরিলক্ষিত হলে তজ্জন্য সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়ন সংশ্লিষ্ট স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ দায়ী থাকবেন;

(১০) সুদ মওকুফের কার্যাবলী প্রক্রিয়াকরণের দায়িত্বপ্রাপ্ত প্রধান কার্যালয়ের বিভাগসমূহ ঃ

(ক) স্থানীয় মুখ্য কার্যালয় ঃ সংশ্লিষ্ট কার্যালয়ের সকল ধরণের ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ;

(খ) প্রজেক্ট মনিটরিং বিভাগ ঃ সকল প্রকার প্রকল্প ঋণ, প্রকল্পসহ চলতি মূলধন ঋণ এবং প্রকল্পসহ বিল অব এক্সচেঞ্জ ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ;

(গ) আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ ঃ আমদানি/রপ্তানি ব্যবসা সংশ্লিষ্ট সকল ধরণের ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ;

(ঘ) ঋণ আদায় বিভাগ ঃ নগদ ঋণ/চলতি মূলধন ঋণ (প্রকল্পসহ চলতি মূলধন ঋণ এবং প্রকল্পসহ বিল অব এক্সচেঞ্জ ঋণ ব্যতীত) এবং কৃষি ঋণসহ অন্যান্য মেয়াদী/স্বল্প মেয়াদী ঋণের (প্রকল্প, চা ও রাবার ঋণ ব্যতীত) সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ এবং সুদ মওকুফ নীতিমালা (চা ও রাবার ঋণ ব্যতীত) প্রণয়নের কার্যক্রম সম্পাদন;

০৫। ঋণের সুদ মওকুফ সংক্রান্ত উপরোক্ত নীতিমালা ০১-০৭-২০১৭ হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ হাবিব উল্যা)
মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০১৭-২০১৮/ ৩৪৪(১২০০)

তারিখঃ ২৩-১০-২০১৭ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং) বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/স্টাফ কলেজ,মিরপুর, ঢাকা/সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
১১। নথি/মহানথি।

২৩/১০/২০১৭
(ডাঃ মোঃ নুর সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে)